গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সন্দ্বীপ, চট্টগ্রাম।
www.sandwip.chittagong.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং : ০৫.৪২.১৫৭৮.০০০.০৫.০০৫.২৪-

তারিখ : ১৩/০২/২০২৪খ্রিঃ।

## ১৪৩১ বাংলা সনের জন্য হাট-বাজার, ফেরীঘাট ও গোদীঘাট ইজারার বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-২ শাখার স্মারক নং- ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১-৮৭০, তারিখ: ২১.০৯.২০১১খ্রি. মুলে জারীকৃত সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা ও ইজারা পদ্ধতি নীতিমালা মোতাবেক সন্দ্বীপ উপজেলার হাট-বাজার, ফেরীঘাট ও গোদীঘাটসমূহ নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগামী ১৪৩১ বাংলা সনের জন্য ইজারা প্রদানের নিমিত্তে আগ্রহী দরপত্রদাতাদের নিকট হতে নির্ধারিত দরপত্র ফরমে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

**ইজারাযোগ্য হাট-বাজার সংক্রান্ত তথ্য ঃ**

| ক্রঃ নং | হাট-বাজারের নাম | সরকারি মূল্য | দরপত্র মূল্য | ক্রঃ নং | হাট-বাজারের নাম | সরকারি মূল্য | দরপত্র মূল্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ধোপার হাট, মুছাপুর | ৪,২০,১১৩/- | ১,৬০০/- | ০৯ | বাণির হাট, কালাপানিয়া | ১,৭১,১৯০/- | ১,০০০/- |
| ০২ | চৌমুহনী বাজার,হারামিয়া | ২,৪৬,২৭৩/- | ১,২০০/- | ১০ | মালেক মুন্সীর বাজার | ৯৮,৫৪৩/- | ৫০০/- |
| ০৩ | পেলিশ্যার বাজার, মগধরা | ৫,৪০,৬০০/- | ১,৮০০/- | ১১ | শিবের হাট,সারিকাইত | ১৪,৪৪,৬৩৯/- | ৩,৬০০/- |
| ০৪ | ঘাটমাঝির হাট, গাছুয়া | ৩,৬৮,৬৭৫/- | ১,৪০০/- | ১২ | পন্ডিতের হাট, মুছাপুর | ৩,৭১,৮৩০/- | ১,৪০০/- |
| ০৫ | মৌলভী বাজার,বাউরিয়া | ৩৪,৯৮০/- | ৫০০/- | ১৩ | হক সাহেবের বাজার | ৩,৮১,৬০০/- | ১,৪০০/- |
| ০৬ | আলিমিয়ার বাজার,মুছাপুর | ৪,৭৭,৫৬৪/- | ১,৬০০/- | ১৪ | চৌধুরী বাজার, মগধরা | ২,৫৮,৪৬৩/- | ১,২০০/- |
| ০৭ | বাংলা বাজার, মগধরা | ৮,৮৭৮/- | ৫০০/- | ১৫ | সেনেরহাট বাজার,মুছাপুর | ৮,৩১,৫৪৬/- | ২,৪০০/- |
| ০৮ | মোতালেব মার্কেট, কালাপানিয়া | ১৯,৪৩৩/- | ৫০০/- | ১৬ | গুপ্তছড়া বাজার, মগধরা | ৭৫,২৬০/- | ৫০০/- |

**ইজারাযোগ্য ফেরীঘাট ও গোদীঘাট সংক্রান্ত তথ্য ঃ**

| ক্রঃ নং | ফেরীঘাট ও গোদীঘাটের নাম | সরকারি মূল্য | দরপত্র মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১৭ | কালাপানিয়া দীঘির কোনা হতে উড়িরচর ফেরীঘাট,কালাপানিয়া | ৪,৮৭,৬০০/- | ১,৮০০/- | |
| ১৮ | আকবরহাট হতে উড়িরচর ফেরীঘাট, আমানউল্যাহ,গাছুয়া,সন্দ্বঃ | ৬,৩৬,০০০/- | ২,০০০/- | |
| ১৯ | তেলিরহাট রাস্তার মাথা হতে উড়িরচর ফেরীঘাট | ৫,৩০,০০০/- | ১,৮০০/- | |
| ২০ | দক্ষিণ উড়িরচর গোদীঘাট, উড়িরচর,সন্দ্বীপ, চট্টগ্রাম। | ৮৩,৬৬৯/- | ৫০০/- | |
| ২১ | পুরাতন ধুপের খাল গোদীঘাট,সারিকাইত,সন্দ্বীপ,চট্টগ্রাম। | - | - | মহামান্য হাইকোর্টের মামলা নিস্পত্তি সাপেক্ষে। |
| ২২ | দূর্গাচরন খাল গোদীঘাট, সারিকাইত, সন্দ্বীপ, চট্টগ্রাম। | - | - | |

| | |
|---|---|
| ১. **দরপত্র (সিডিউল) ফরম প্রাপ্তির স্থান:** | ১. জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), চট্টগ্রাম<br>২. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সন্দ্বীপ, চট্টগ্রাম<br>৩. উপজেলা ভূমি অফিস, সন্দ্বীপ, চট্টগ্রাম<br>৪. সোনালী ব্যাংক লি:, সন্দ্বীপ শাখা, সন্দ্বীপ, চট্টগ্রাম |
| ২. **দরপত্র (সিডিউল) ফরম দাখিলের স্থান:** | ১. জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), চট্টগ্রাম<br>২. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সন্দ্বীপ, চট্টগ্রাম<br>৩. উপজেলা ভূমি অফিস, সন্দ্বীপ, চট্টগ্রাম |

**দরপত্র (সিডিউল) ফরম ক্রয়, দরপত্র দাখিল এবং খোলার সময়সূচি নিম্নরূপ:**

| পর্যায় | দরপত্র (সিডিউল) ফরম বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম | ২৮-০২-২০২৪খ্রি. অফিস চলাকালীন | ২৯-০২-২০২৪খ্রি. দুপুর ১.০০ টা পর্যন্ত | ২৯-০২-২০২৪খ্রি. বিকাল ৪.০০ টা পর্যন্ত | - |
| ২য় | ১৩-০৩-২০২৪খ্রি. অফিস চলাকালীন | ১৪-০৩-২০২৪খ্রি. দুপুর ১.০০ টা পর্যন্ত | ১৪-০৩-২০২৪খ্রি. বিকাল ৪.০০ টা পর্যন্ত | ১ম পর্যায়ে ইজারাকৃত হাট-বাজার ব্যতীত |
| ৩য় | ২৭-০৩-২০২৪খ্রি. অফিস চলাকালীন | ২৮-০৩-২০২৪খ্রি. দুপুর ১.০০ টা পর্যন্ত. | ২৮-০৩-২০২৪খ্রি. বিকাল ৪.০০ টা পর্যন্ত | ১ম ও ২য় পর্যায়ে ইজারাকৃত হাট-বাজার ব্যতীত |

চলমান পাতা-০২

CamScanner

**ইজারার শর্তাবলী ঃ**

০১) ১৪৩১ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার/ফেরীঘাট/গোদীঘাট ইজারা দেওয়া হবে।

০২) দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, সন্দ্বীপ, চট্টগ্রাম এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার/ফেরীঘাট/গোদীঘাট নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত ৫% হিসেবে জমাকৃত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা ইজারা গ্রহীতা বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৩) যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার এবং পত্র প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত ইজারা মূল্যের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ ও মোট ইজারা মূল্যের অতিরিক্ত ১০% আয়কর ট্রেজারী চালান মূলে ১-১১৪১-০০৪৫-০১১১ এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) ট্রেজারী চালান মূলে ১-১১৩৩-০০২৫-০৩১১ নং কোডে অবশ্যই একই সঙ্গে পরিশোধ করে চালানের মূল কপি জমা দিতে হবে। অন্যথায় হাট-বাজার,ফেরীঘাট ও গোদীঘাটের দরপত্রের সাথে জমাদানকৃত অর্থ বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪) প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং দরমূল্য যদি সরকারি মূল্যের চেয়ে কম হয় তাহলে পুনঃরায় পরবর্তী পর্যায়ে দরপত্র আহ্বান করা হবে। তাছাড়া একই হাটের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারে ব্যবহার করা যাবেনা।

০৫) খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও হাট-বাজার/ফেরীঘাট/গোদীঘাটের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৬) দুই বা ততোধিক দরপত্রদাতার দর একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

০৭) কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা সম্বলিত দরপত্র এবং কোনক্রমেই দরপত্রের ফটোকপি গ্রহণযোগ্য হবে না।

০৮) কর্তৃপক্ষ যৌক্তিক কারণের ভিত্তিতে যেকোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৯) ইজারা সংক্রান্ত সকল বিষয় স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারীকৃত ইজারা নীতিমালা দ্বারা পরিচালিত হবে। বর্তমান হাট-বাজার, ফেরীঘাট ও গোদীঘাটের বিদ্যমান তফসিল ইজারা গ্রহীতা কর্তৃক কোন রূপ পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও বিয়োজন করা যাবে না।

১০) সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে কোন টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগিয়ে প্রচার করবেন।

১১) ইজারাদার কোনক্রমেই হাট-বাজার,ফেরীঘাট ও গোদীঘাট অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১২) ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিন শত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১৩) ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে হাট-বাজার, ফেরীঘাট ও গোদীঘাটের দখল স্বয়ংক্রিয়ভাবে সরকারের নিয়ন্ত্রণে চলে আসবে।

১৪) ১৪৩০ বাংলা সনের পূর্বে যে সকল ইজারা গ্রহীতাগণ খেলাপী হয়েছেন বা ইজারার সরকারি অর্থ পরিশোধে ব্যর্থ হয়েছেন তারা ইজারা কার্যক্রমে অংশগ্রহনে অযোগ্য বলে বিবেচিত হবে।

১৫) দরদাতাকে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধি বিধান প্রতিপালন করতে হবে।

১৩/০২/২৪

(মোঃ খোরশেদ আলম চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
সন্দ্বীপ, চট্টগ্রাম।
মোবাইলঃ ০১৭৫৫৫৫৪০৬৩

স্মারক নং : ০৫.৪২.১৫৭৮.০০০.০৫.০০৫.২৪- ৮৭
তারিখ : ১৩/০২/২০২৪ খ্রিঃ

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে
০১। মাননীয় সংসদ সদস্য, ২৮০ চট্টগ্রাম-৩ (সন্দ্বীপ)
০২। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সন্দ্বীপ, চট্টগ্রাম।

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে
০৫। সহকারী কমিশনার (ভূমি), সন্দ্বীপ। [বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রচারের ব্যবস্থা গ্রহণ এবং নির্ধারিত সময়ে দরপত্র বিক্রয় ও দাখিলের ধার্য তারিখে তার দপ্তরে যথাসময়ে দরপত্র বক্স স্থাপন এবং কোন দরপত্র জমা পড়লে নির্ধারিত সময়ের পর তা সীলমোহরকৃত অবস্থায় বিশেষ বাহকমারফত ঐ দিন বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো]
০৬। সহকারী কমিশনার, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম। [নির্ধারিত সময়ে দরপত্র বিক্রয় ও দাখিলের ধার্য তারিখে তার দপ্তরে যথাসময়ে দরপত্র বক্স স্থাপন এবং কোন দরপত্র জমা পড়লে নির্ধারিত সময়ের পর তা সীলমোহরকৃত অবস্থায় বিশেষ বাহকমারফত ঐ দিন বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো]
০৭। অফিসার ইনচার্জ, সন্দ্বীপ থানা। [বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ড প্রচারের অনুরোধ করা হলো]
০৬। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, সন্দ্বীপ শাখা। অবগতি ও নোটিশ বোর্ডে প্রচারের জন্য।
০৭। চেয়ারম্যান .............................................. ইউপি, সন্দ্বীপ। এলাকায় মাইকিং ও ব্যাপক প্রচারের জন্য।
০৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,...................................... সন্দ্বীপ, চট্টগ্রাম। এলাকায় মাইকিং ও ব্যাপক প্রচারের জন্য।
০৯। সম্পাদক, ..............................................., চট্টগ্রাম। তাঁকে বিজ্ঞপ্তিটি সংক্ষিপ্ত আকারে একদিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১০। জনাব .............................................. ইজারাদার ,.......................................... হাট-বাজার, সন্দ্বীপ, চট্টগ্রাম

১৩/০২/২৪

উপজেলা নির্বাহী অফিসার
সন্দ্বীপ, চট্টগ্রাম।

CamScanner